# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৯২

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩২৬. কুরআন নির্ধারিত অংশে ভাগ করে তিলাওয়াত করা প্রসঙ্গে

باب تَحْزِيبِ الْقُرْآنِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى بْنِ فَارِسٍ، أَخْبَرَنَا ابْنُ أَبِي مَرْيَمَ، أَخْبَرَنَا يَحْيَى بْنُ أَيُّوبَ، عَنِ ابْنِ الْهَادِ، قَالَ : سَأَلَنِي نَافِعُ بْنُ جُبَيْرِ بْنِ مُطْعِمٍ فَقَالَ لِي فِي كَمْ تَقْرَأُ الْقُرْآنَ فَقُلْتُ : مَا أُحَزِّبُهُ. فَقَالَ لِي نَافِعٌ لاَ تَقُلْ مَا أُحَزِّبُهُ فَإِنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم قَالَ "قَرَأْتُ جُزْءًا مِنَ الْقُرْآنِ". قَالَ : حَسِبْتُ أَنَّهُ ذَكَرَهُ عَنِ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ .

ـ صحيح

বাংলা

১৩৯২। ইবনুল হাদ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, নাফি’ ইবনু জুবাইর ইবনু মুত্ব’ইম (রহঃ) আমাকে জিজ্ঞেস করে বললেন, আপনি কুরআন মাজীদ কতটুকু পাঠ করেন? আমি বললাম, আমি কুরআন নির্দিষ্ট অংশে ভাগ করে পড়ি না। নাফি’ (রহঃ) আমাকে বললেন, নির্দিষ্ট অংশে ভাগ করে পড়ি না- এরূপ বলো না। কেননা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ’আমি কুরআনের একাংশ পাঠ করেছি’। তিনি (ইবনুল হাদ) বলেন, আমার ধারণা, এ হাদীস তিনি মুগীরাহ ইবনু শু’বাহ (রাঃ) হতে বর্ণনা করেছেন।[1]

সহীহ।

## English

Ibn al-Had said:
Nafi' b. Jubair asked me: In how many days do you recite the Qur'an ? I said: I have not fixed any part from it for daily round. Nafi' said to me: Do not say: I do not fix any part of it for daily round, for the Messenger of Allah (ﷺ) said: I recited a part of the Qur'an.

The narrator Ibn al-Had said: I think I have transmitted this tradition from al-Mughirah b. Shu'bah.

## ফুটনোট

[1] আবূ দাউদ এটি এককভাবে বর্ণনা করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58710

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন